গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৮২/২০১৮-১৯
ঢাকা, বুধবার ২৪ অক্টোবর ২০১৮, ৯ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। শিক্ষা ও দক্ষতা উন্নয়নে আরও বিনিয়োগ করতে হবে : বিশ্ব বিনিয়োগ ফোরামে রাষ্ট্রপতি

২। বাংলাদেশে বিশ্বের সর্ববৃহৎ বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের যাত্রা শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী কোস্টগার্ড প্রধানদের সভা উদ্বোধন করবেন আজ

৪। একনেকে ২১টি প্রকল্প অনুমোদন
এশিয়ান হাইওয়ে নেটওয়ার্ক জোরদারের উদ্যোগ

৫। দু'টি আন্তর্জাতিক সম্মাননায় ভূষিত হওয়ায় প্রধানমন্ত্রীকে সংসদের ধন্যবাদ প্রস্তাব গৃহীত

৬। স্পিকারের সঙ্গে ইউএনডিপি প্রতিনিধিদলের সাক্ষাৎ

৭। সংসদে ওজন ও পরিমাপ মানদণ্ড বিল পাস

৮। ২০৩০ সালের মধ্যে ২৫ লাখ টন বাড়তি চাল উৎপাদন : সংসদে কৃষিমন্ত্রী

৯। নামজারি হচ্ছে ৪৫ দিনে : সংসদে ভূমিমন্ত্রী

১০। নির্বাচনকালে মন্ত্রীরা নিজস্ব নির্বাচনি এলাকায় গাড়িতে পতাকা ব্যবহার করতে পারবেন না : সেতুমন্ত্রী

১১। নারী-শিশু-রাষ্ট্র ও ব্যক্তিগত জীবনকে নিরাপত্তা দেয়ার জন্যেই ডিজিটাল আইন করা হয়েছে : তথ্যমন্ত্রী

১২। আদালতের পরোয়ানার ভিত্তিতে ব্যারিস্টার মইনুলকে গ্রেফতার করা হয়েছে : আইনমন্ত্রী

১৩। নারায়ণগঞ্জে চার যুবকের লাশ উদ্ধারের ঘটনা তদন্ত করে দোষীদের শাস্তি : স্বরাষ্ট্রমন্ত্রী

চলমান পাতা-২

১। **শিক্ষা ও দক্ষতা উন্নয়নে আরও বিনিয়োগ করতে হবে : বিশ্ব বিনিয়োগ ফোরামে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ভবিষ্যৎ চাহিদা মেটাতে মানবসম্পদ, শিক্ষা ও দক্ষতা উন্নয়নে অধিক বিনিয়োগের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, আমাদের মানবসম্পদ, শিক্ষা ও দক্ষতা উন্নয়নে অবশ্যই আরও বেশি করে বিনিয়োগ করতে হবে। ভবিষ্যৎ চাহিদা পূরণে প্রস্তুতি গ্রহণের ক্ষেত্রে মানবসম্পদ প্রস্তুত করতে অধিক বিনিয়োগ করতে হবে। রাষ্ট্রপতি গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত পাঁচ দিনব্যাপী বিশ্ব বিনিয়োগ ফোরামে এসব কথা বলেন। তিনি গত ২২ অক্টোবর সোমবার থেকে জেনেভায় পাঁচ দিনের সরকারি সফরে রয়েছেন। অগ্রাধিকারভিত্তিক বিশেষ ইনসেনটিভ দেওয়ার মাধ্যমে গ্রিন এবং নবায়নযোগ্য জ্বালানিখাতে অধিক বিনিয়োগ করতে বেসরকারিখাতকে উৎসাহিত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি। রাষ্ট্রপতি বলেন, বিনিয়োগের ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ এবং টেকসই উন্নয়ন এজেন্ডায় আমাদের প্রতিশ্রুতির বিষয়টির প্রতি লক্ষ্য রাখতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

২। **বাংলাদেশে বিশ্বের সর্ববৃহৎ বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের যাত্রা শুরু আজ :**
উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

বিশ্বের সর্ববৃহৎ 'শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট'র যাত্রা শুরু হচ্ছে আজ। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল সংলগ্ন চাঁনখারপুলে নির্মিত এটি পৃথিবীর সবচেয়ে বড় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট। সরকারি খরচে বিনামূল্যে চিকিৎসাসেবা পাওয়ার জন্য বিশ্বের কোথাও এমন বার্ন ইনস্টিটিউট নেই, এটিই প্রথম। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৪ অক্টোবর বুধবার) বেলা ১১টায় ১৮ তলাবিশিষ্ট এ ইনস্টিটিউটের উদ্বোধন করবেন। অত্যাধুনিক এ ইনস্টিটিউট থেকে পোড়া রোগীরা বিশ্বমানের চিকিৎসাসেবা পাবেন। একইসঙ্গে প্লাস্টিক সার্জন তৈরি হবে। যাদের দিয়ে জেলা-উপজেলা পর্যায়ের সরকারি হাসপাতালে পৃথক বার্ন ইউনিট স্থাপন করা হবে। এতে পোড়া রোগীরা হাতের কাছেই পাবেন সুচিকিৎসা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **সমকাল** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **প্রধানমন্ত্রী কোস্টগার্ড প্রধানদের সভা উদ্বোধন করবেন আজ**

ঢাকায় এশিয়ার কোস্টগার্ড প্রধানদের নিয়ে গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) ৫ দিনব্যাপী সভা শুরু হয়েছে। ২৭ অক্টোবর পর্যন্ত এ সভা চলবে। আজ (২৪ অক্টোবর বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সভার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। ঢাকার রেডিসন ব্লু ওয়াটার গার্ডেনে ৫ দিনব্যাপী 'হেডস অভ্ এশিয়ান কোস্টগার্ড এজেন্সিস মিটিং' এর তত্ত্বাবধানে রয়েছে বাংলাদেশ কোস্টগার্ড। বাংলাদেশসহ মোট ২২টি দেশ ও আন্তর্জাতিক সংস্থার শতাধিক প্রতিনিধি ৫ দিনব্যাপী এ সভায় অংশগ্রহণ করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **অবজারভার** (পৃ.৪,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

৪। **একনেকে ২১টি প্রকল্প অনুমোদন**
এশিয়ান হাইওয়ে নেটওয়ার্ক জোরদারের উদ্যোগ

এশিয়ান হাইওয়ে নেটওয়ার্ক জোরদারের উদ্যোগ নিয়েছে সরকার। এর অংশ হিসেবে 'ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি স্থানান্তর প্রকল্প: সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)-সিলেট-তামাবিল মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং উভয়পাশে পৃথক সার্ভিস লেন নির্মাণ' শীর্ষক প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। ৩ হাজার ৮৮৫ কোটি ৭২ লাখ টাকা ব্যয়ে এ প্রকল্পটির মাধ্যমে ২৭০.৫৫ কিলোমিটার সড়কের উভয়পার্শ্বে ভূমি অধিগ্রহণ করা হবে। পরবর্তীতে চার লেন সড়ক তৈরি হলে বিমসটেক করিডোর, সার্ক করিডোরসহ আঞ্চলিক সড়ক নেটওয়ার্ক সম্প্রসারণ ত্বরান্বিত হবে। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা'র সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ১৯ হাজার ৭৭৮ কোটি ৭৩ লাখ টাকা ব্যয়ের ২১টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে দুইটি সংশোধিত প্রকল্প রয়েছে। সভাশেষে সংবাদসম্মেলনে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সাংবাদিকদের জানান, প্রকল্পগুলো বাস্তবায়নে সরকারের নিজস্ব তহবিল (জিওবি) হতে ১৭ হাজার ৩১৬ কোটি ৯৩ লাখ টাকা, সংস্থার নিজস্ব তহবিল হতে ২৩৩ কোটি ৯৩ লাখ টাকা এবং বৈদেশিক সাহায্য আকারে ২ হাজার ২২৭ কোটি ৮৭ লাখ টাকা ব্যয় করার লক্ষ্য রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

৫।	**দু'টি আন্তর্জাতিক সম্মাননায় ভূষিত হওয়ায় প্রধানমন্ত্রীকে সংসদের ধন্যবাদ প্রস্তাব গৃহীত**

রোহিঙ্গা ইস্যুতে মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি ও বলিষ্ঠ নেতৃত্বের কারণে জাতিসংঘের দু'টি সংস্থা কর্তৃক দু'টি আন্তর্জাতিক সম্মাননায় ভূষিত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়েছে জাতীয় সংসদ। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) সংসদ অধিবেশনে সর্বসম্মতিক্রমে ধন্যবাদ প্রস্তাবটি গৃহীত হয়। ইন্টার সার্ভিস প্রেস এজেন্সি, ইউএন কর্তৃক হিউম্যানিটারিয়ান অ্যাওয়ার্ড এবং গ্লোবাল হোপ কোয়ালিশন কর্তৃক স্পেশাল ডিস্টিংশন অ্যাওয়ার্ড ফর লিডারশিপ সম্মাননায় তাঁকে ভূষিত করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (শেষ পৃ ,ক.২)।

৬।	**স্পিকারের সঙ্গে ইউএনডিপি প্রতিনিধিদলের সাক্ষাৎ**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে ইউএনডিপি'র ডেমোক্রেটিক গভর্নেন্স পোর্টফোলিও ম্যানেজার মাহমুদা আফরোজের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করেছে। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) জাতীয় সংসদভবনে সাক্ষাৎকালে তাঁরা সংসদ সচিবালয়ের কর্মকর্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি, টেকসই উন্নয়ন (এসডিজি) বাস্তবায়নে দক্ষতা অর্জনসহ ইউএনডিপি'র সাহায্যপুষ্ট চলমান প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। ইউএনডিপি'র প্রতিনিধি মাহমুদা আফরোজ সংসদ সচিবালয়ের কর্মকর্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিতে দুই দিনব্যাপী লিডারশিপ কর্মশালা আয়োজনের বিষয়ে স্পিকারকে অবহিত করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, এ কর্মশালা কর্মকর্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।

৭।	**সংসদে ওজন ও পরিমাপ মানদণ্ড বিল পাস**

অনুমোদনহীন বাটখারা (ওজন মাপার যন্ত্র) উৎপাদন, ব্যবহার ও পণ্যের ওজনে অনিয়মের সাজা বাড়িয়ে সংসদে 'ওজন ও পরিমাপ মানদণ্ড বিল-২০১৮' পাস হয়েছে। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) সংসদে বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৮,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

৮।	**২০৩০ সালের মধ্যে ২৫ লাখ টন বাড়তি চাল উৎপাদন : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, ২০৩০ সাল নাগাদ দেশে ২৫ লাখ টন বাড়তি চাল উৎপাদন করা সম্ভব। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) দশম সংসদের ২৩তম অধিবেশনের তৃতীয় কার্যদিবসে এক প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। দেশের আউশ ও আমন চাষাবাদে জমি পুনর্বিন্যাস, অনাবাদি জমি আবাদের আওতায় আনা এবং দেশি জাতের পরিবর্তে আধুনিক উচ্চ ফলনশীল ধানের আবাদ পরিকল্পনা বাস্তবায়ন হলে, দেশে চাল উৎপাদন বহুলাংশে বৃদ্ধি করা সম্ভব। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৯।	**নামজারি হচ্ছে ৪৫ দিনে : সংসদে ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী শামসুর রহমান শরীফ বলেছেন, জমির নামজারি ও রেকর্ড সংশোধনসংক্রান্ত রাজস্ব মামলাগুলোর নিষ্পত্তির জন্য মহানগরের ক্ষেত্রে ৬০ ও অন্যান্য ক্ষেত্রে ৪৫ দিন ধার্য করা রয়েছে। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে ভূমিমন্ত্রী এসব কথা জানান। ভূমিমন্ত্রী বলেন, প্রবাসীদের নামে জমির নামজারির জমাভাগ নিষ্পত্তির জন্য মহানগরের ক্ষেত্রে ১২ কার্যদিবস এবং অন্যান্য ক্ষেত্রে ৯ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশনা রয়েছে। ঐ নির্দেশনার আলোকে মামলাগুলো যথাসময়ে নিষ্পত্তি হয়েছে। ভূমিমন্ত্রী আরো বলেন, সরকার দেশে ১০০০টি শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ করছে। এর মধ্যে গত সেপ্টেম্বর পর্যন্ত ৩৪৪টির নির্মাণকাজ শেষ হয়েছে। তিনি জানান, সারাদেশে ৫০৭টি উপজেলা ভূমি অফিস এবং ৩ হাজার ৪৫৭টি ইউনিয়ন ভূমি অফিস রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.২), **ভোরের কাগজ** (পৃ.৮,ক.১)।

১০।	**নির্বাচনকালে মন্ত্রীরা নিজস্ব নির্বাচনি এলাকায় গাড়িতে পতাকা ব্যবহার করতে পারবেন না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নির্বাচনকালীন সরকারের মন্ত্রীরা তাদের নিজস্ব নির্বাচনি এলাকায় গাড়িতে পতাকা ব্যবহার করতে পারবেন না, তবে নির্বাচনি এলাকার বাইরে তারা তা পারবেন। নির্বাচনকালে মন্ত্রীদের নিরাপত্তা আগের মতোই বহাল থাকবে। এবারের নির্বাচনকালীন মন্ত্রিসভা কেমন হবে সে বিষয়ে ২৬ অক্টোবর আওয়ামী লীগের যৌথ সভায় চূড়ান্ত সিদ্ধান্ত হবে। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সভাকক্ষে সমসাময়িক রাজনৈতিক বিষয় নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৬)।

১১।	**নারী-শিশু-রাষ্ট্র ও ব্যক্তিগত জীবনকে নিরাপত্তা দেয়ার জন্যেই ডিজিটাল আইন করা হয়েছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সাংবাদিকদের সুরক্ষা করতে এবং ডিজিটাল সমাজকে নিরাপদ রাখাসহ নারী-শিশু-রাষ্ট্র ও ব্যক্তিগত জীবনকে নিরাপত্তা দেয়ার জন্যেই ডিজিটাল আইন করা হয়েছে। সুতরাং সাংবাদিকদের জন্য যতগুলো আইন-অধিকার আছে, সে অধিকার ভোগ করেন এবং আপনারা নির্ভয়ে লেখেন। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) ময়মনসিংহ সার্কিট হাউসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

১২। আদালতের পরোয়ানার ভিত্তিতে ব্যারিস্টার মইনুলকে গ্রেফতার করা হয়েছে : আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, ব্যারিস্টার মইনুল হোসেন সাংবাদিক মাসুদা ভাট্টিকে যা বলেছেন তাতে সারা নারী সমাজকে অপমানিত করা হয়েছে। তিনি বলেন, এ মামলা করার পরে আইনশৃঙ্খলা বাহিনী কোনো পদক্ষেপ না নিলে বাংলাদেশের নারী সমাজ ক্ষুব্ধ হতো। এ ধরনের ঔদ্ধত্যপূর্ণ ও অশ্লীল বক্তব্য দেওয়াকে উৎসাহ দেওয়া হতো। সেজন্যই আদালতের গ্রেফতারি পরোয়ানার ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়েছে। গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৩)।

১৩। নারায়ণগঞ্জে চার যুবকের লাশ উদ্ধারের ঘটনা তদন্ত করে দোষীদের শাস্তি : স্বরাষ্ট্রমন্ত্রী

নারায়ণগঞ্জে রাস্তার পাশে চার যুবকের লাশ উদ্ধারের ঘটনা তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তাদের মৃত্যুর আগে পুলিশফাঁড়িতে আটকে রাখা হয়েছিল এমন অভিযোগের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের জানান, ঘটনা খতিয়ে দেখা হবে, কেউই আইনের ঊর্ধ্বে নয়। তদন্ত করে সবকিছু দেখা হবে, তদন্তে ঘটনা সত্যি প্রমাণিত হলে অবশ্যই দোষীদের বিচার হবে। রাজধানীর ফার্মগেটে গতকাল (২৩ অক্টোবর মঙ্গলবার) কেআইবি কমপ্লেক্সের কনভেনশন হলে ইজিয়ার টেকনোলজিস লিমিটেডের অ্যাপভিত্তিক জরুরি অ্যাম্বুলেন্স সেবার উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** গত তিন বছরে বিআরটিএ'র নতুন নিবন্ধিত সাড়ে ১১ লাখ যানবাহন রাস্তায় নামলেও সড়ক-মহাসড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার কার্যকর কোনো উদ্যোগ নেই উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল, ভোরের কাগজ :** দেশের সব বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ল্যাবরেটরি ও ডায়াগনস্টিক সেন্টারে চিকিৎসা সংক্রান্ত সব পরীক্ষা ও সেবার মূল্যতালিকা দুই মাসের মধ্যে নির্ধারণের হাইকোর্টের নির্দেশনাকে স্বাগত জানিয়ে রোগনির্ণয়ে এসব পরীক্ষার মান যাতে অক্ষুণ্ণ থাকে সেদিকে নজর দেওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** গবাদিপশুর খুরারোগ প্রতিরোধে টিকা উদ্ভাবনে সফল হয়েছে বাংলাদেশের বিজ্ঞানীরা উল্লেখ করে গবাদিপশুর মৃত্যুরোধে তা সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর :** বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের এক প্রতিবেদনে দেশের মোবাইলফোন অপারেটরগুলোর কলড্রপের যে চিত্র উঠে এসেছে তা হতাশাজনক উল্লেখ করে মোবাইলফোনের গ্রাহকসেবার মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঙ. **বণিক বার্তা** : কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তিতে বড় ভূমিকা থাকে শস্যগুদামের উল্লেখ করে দেশে পর্যাপ্তসংখ্যক শস্যগুদাম নির্মাণের সুপারিশ।

চ. **নিউজ টুডে :** স্বাস্থ্যসেবার মান বাড়াতে বাজেটে বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান** : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঘ ইউনিটে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ায় উদ্বেগ প্রকাশ করে যেকোনো ধরনের প্রশ্নপত্র ফাঁসরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

উপসম্পাদকীয়

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের স্থিতিশীল আর্থসামাজিক উন্নয়নে ব-দ্বীপ পরিকল্পনা হবে ভবিষ্যতের কার্যকর সমৃদ্ধ বাংলাদেশের দীর্ঘমেয়াদি রোডম্যাপ।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত, **'গণতন্ত্র মানে শুধু ভোটের অধিকার না, উন্নয়নেরও অধিকার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জঙ্গিবাদের মতো কঠিন চ্যালেঞ্জ মোকাবিলা করে বর্তমান সরকার মাথাপিছু ঋণের পরিমাণ কমিয়ে দেশকে আজ মধ্যআয়ের দেশের কাতারে নিয়ে গেছে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা